

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৯৭

৫/ হাজ (হজ/হজ) (এআ Lall) ।

পরিচ্ছেদঃ ২৫. হজ্জে কিরান

بَابٌ فِي الْإِقْرَانِ

আরবী

حَدَّتَنَا يَحْيَى بْنُ مُعِينٍ، قَالَ: حَدَّتَنَا حَجَّاجٌ، حَدَّتَنَا يُونُسُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِب، قَالَ: كُنْتُ مَعْ عَلِيّ حِينَ أَمَّرَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْيَمَنِ قَالَ: فَأَصَبْتُ مَعْهُ أَوَاقِيَ فَلَمَّا قَدْمَ عَلِيٍّ مِنَ الْيَمَنِ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَعَلَيْهِ وَسَلَّمَ فَالَا: وَجَدْتُ فَاطِمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَدْ لَبِسَتْ ثِيَابًا صَبِيغًا وَقَدْ نَضَحَتِ الْبَيْتَ بِنَضُوحٍ قَالَ: فَقَالَتْ: مَا لَكَ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ أَمَرَ أَصِحَابَهُ فَأَحَلُوا قَالَ: قُلْتُ لَهَا: إِنِّي أَهْلَالِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: فَأَتَيْتُ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: فَقَالَ لِي عَنْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: فَقَالَ لِي عَنْ الْبُدْنِ سَبْعًا وَسَتِينَ أَوْ سِتَّا فَوْ سِتِينَ أَوْ سِتَّالَ وَقَالَ لِي عَنْ الْبُدْنِ سَبْعًا وَسَتِينَ أَوْ سَتِينَ أَوْ سَتِينَ أَوْ سَتِينَ أَوْ أَرْبَعًا وَتَلَاثِينَ، وَأَمْسِكُ لِي مِنْ كُلِّ بَدَنَةٍ مِنْهَا وَتَلَاثِينَ، وَأَمْسِكُ لِي مِنْ كُلِّ بَدَنَةٍ مِنْهَا وَسَتِينَ، وَأَمْسِكُ لِي مِنْ كُلِّ بَدَنَةٍ مِنْهَا وَسَتِينَ، وَأَمْسِكُ لِي مِنْ كُلِّ بَدَنَةٍ مِنْهَا وَشَعْتَ

صحيح

বাংলা

১৭৯৭। আল বারা'আহ ইবনু 'আযিব (রাযি.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম যখন 'আলী (রাযি.)-কে ইয়ামেন দেশে শাসক করে প্রেরণ করেন তখন আমিও তাঁর সাথে ছিলাম। তিনি বলেন, আমি তাঁর সাথে কয়েক 'আওকিয়া সোনার' অধিকারী হয়েছিলাম। তিনি বলেন, যখন 'আলী (রাযি.) ইয়ামেন থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলেন তখন 'আলী বলেন, আমি ফাতিমা (রাযি.)-কে দেখি রঙিন কাপড় পরে আছে এবং ঘরকে সুগন্ধময় করে রেখেছে। সে আমাকে বললো, আপনার কি হয়েছে? রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাথীদেরকে ইহরাম খুলে ফেলার নির্দেশ দিয়েছেন, সে জন্য স্বাই ইহরাম খুলে ফেলেছেন।



'আলী (রাযি.) বলেন, আমি তাকে বললাম, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইহরামের মতই ইহরাম বেঁধেছি, এ বলে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এলে তিনি আমাকে বললেনঃ তুমি কি জন্য ইহরাম বেঁধেছো? আমি বললাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে উদ্দেশ্যে ইহরাম বেঁধেছেন আমিও ঐ উদ্দেশ্যে ইহরাম বেঁধেছি। তখন তিনি বললেনঃ 'আমি কুরবানীর পশু সাথে এনেছি এবং 'কিরান' হজের (হজের) নিয়াত করেছি। অতঃপর তিনি বললেনঃ আমার জন্য সাতষ্টিটি উট কুরবানী করবে এবং তোমার নিজের জন্য তেত্রিশটি বা চৌত্রিশটি রেখে দিবে আর প্রত্যেকটি উট থেকে আমার জন্য এক টুকরা করে মাংস রেখে দিবে।[1]

সহীহ।

English

Narrated Al-Bara' ibn Azib:

I was with Ali (may Allah be pleased with him) when the Messenger of Allah (ﷺ) appointed him to be the governor of the Yemen. I collected some ounces of gold during my stay with him.

When Ali returned from the Yemen to the Messenger of Allah (**) he said: I found that Fatimah had put on coloured clothes and the smell of the perfume she had used was pervading the house. (He expressed his amazement at the use of coloured clothes and perfume.)

She said: What is wrong with you? The Messenger of Allah (ﷺ) has ordered his companions to put off their ihram and they did so.

Ali said: I said to her: I raised my voice in talbiyah for which the Prophet (ﷺ) raised his voice (i.e. I wore ihram for giran). Then I came to the Prophet (ﷺ).

He asked (me): How did you do? I replied: I raised my voice in talbiyah, for which the Prophet (ﷺ) raised his voice. He said: I have brought the sacrificial animals with me and combined umrah and hajj. He said to me: Sacrifice sixty-seven or sixty-six camels (for me) and withhold for yourself thirty-three or thirty-four, and withhold a piece (of flesh) for me from every camel.

ফুটনোট



[1]. নাসায়ী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=59165}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন